**২০১৩ কৈলাস মানসরোবর যাত্রার ১১-১৩ নম্বর ব্যাচের যাত্রীদের যাত্রা বাতিল করলো কেন্দ্রীয় সরকার**

করমাগত বৃষ্টি এবং বন্যার দরূণ উত্তরাখন্ড রাজ্যের উদ্ভুত পরিস্থিত্রি পর্যালোচনার পরে বিদেশমন্ত্রক  কৈলাস মানসরোবর যাত্রার **১১-১৩** নম্বর পর্যায়ের যাত্রীদের যাত্রা বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে।

এই যাত্রা পথের তিনটি প্রধান সেতু- এলাগাড়,তাওয়াঘাট এবং কানজোটি- ভেসে গিয়েছে এ্বং এইগুলির  যাতায়াতের উপযুকত করে মেরামতির কাজ  এখনো সম্পন্ন হয়নি। রাজ্য ও স্থানীয় প্রশাসনিক কতৃপক্ষের মতে এই গুলির মেরামতির কাজ শেষ হতে আরো একমাস লাগবে।

কৈলাস মানসরোবর যাত্রার **১৫-১৮** নম্বর ব্যাটের যাত্রীদের যাত্রার অনুমতি দেওয়ার বিষয়ে জুলাই মাসের শেষ সপ্তাহে  পরিস্থিতি পর্যালোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।

যেসকল যাত্রী এই বিষয়ে অতিরিকত তথ্য সংগ্রহ করতে ইচ্ছুক তাঁরা মন্ত্রকের এই ই-মেল আইডিতে যোগাযোগ করতে পারেন-sochina@mea.gov.in অথবা এই টেলিফোন নম্বরে-**২৩০১-৪৯০০**

**নয়াদিল্লি**

**জুলাই ০৮,২০১৩**